চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম ইস্কন স্নানযাত্রায় সিটি মেয়র আ.জ.ম নাছির
"যথাযথ ধর্মীয় অনুশাসনের মাধ্যমে মাদকাসক্তি প্রতিরোধ সম্ভব"

চট্টগ্রাম ,২৯জুন ২০১৮

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বর্তমানে মানব সমাজ সমগ্র বিশ্বে জাগতিক সমৃদ্ধি, শিক্ষা ও অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে অভূতপূর্ব প্রগতি সাধন করেছে। তবুও মানব সমাজে অনেক অসন্তোষ রয়ে গেছে। এখন তুচ্ছ বিষয় নিয়েও অনেক বড় বড় বিবাধের সৃষ্টি হয়। বর্তমান সমাজে একটি শান্তিপূর্ণ মৈত্রীময় এবং সুখের একটি পরিবেশ অত্যন্ত প্রয়োজন। শিক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ মানব জীবনের উদ্দেশ্য সম্পর্কে যথাযথ ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে সেই অভাব পূরণ সম্ভব । ধর্মীয় অনুশাসন সঠিকভাবে মেনে না চলায় যুবসমাজে মাদকাসক্তের সংখ্যা দিন দিন আশঙ্কাজনকভাবে বেড়েই চলেছে। তিনি বলেন, এটা মানুষের জীবনীশক্তি বিনষ্ট করে। তরুণ সমাজের বহু মেধাবী ও সম্ভাবনাময় প্রতিভা মাদকের নেশার কবলে পড়ে জীবনকে ধ্বংসের দ্বারপ্রান্তে উপণীত হয়েছে। ধর্মীয় মূল্যবোধ এবং নৈতিকতা বিসর্জন দিয়ে সামাজিক অবক্ষয়ের পথ বেছে নিয়েছে। তাই যথাযথ ধর্মীয় অনুশাসনের মাধ্যমেই সম্ভব মাদকাসক্তি নির্মূল করা। গত ২৮ জুন১৮ইং নন্দনকানন শ্রীশ্রী রাধামাধব মন্দির ও গৌর নিতাই আশ্রম সম্মুখে ডি.সি. হিল নজরুল স্কয়ারে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ ইস্কন চট্টগ্রাম আয়োজিত বিশাল স্নানযাত্রার আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্নানযাত্রায় মহান আশির্বাদক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইস্কনের যুগ্ম সম্পাদক জগৎ গুরু গৌরাঙ্গ দাস ব্রহ্মচারী। নন্দনকানন শ্রীশ্রী রাধামাধব মন্দির ও গৌর নিতাই আশ্রম'র সভাপতি পন্ডিত গদাধর দাস ব্রহ্মচারী'র সভাপতিত্বে ও সুমন চৌধুরী'র সঞ্চালনায় উদ্বোধক ছিলেন সহকারী ভারতীয় হাইকমিশনার অনিন্দ্য ব্যানার্জী। তিনি বলেন, ভারতবর্ষের শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা ইস্কন প্রতিষ্ঠাতা আচার্য শ্রীল প্রভুপাদের মাধ্যমে সারাবিশ্বে আজ অনুষ্ঠিত হচ্ছে। ইস্কনের বিভিন্ন কার্যক্রম সারাবিশ্বে প্রশংসিত আমি এতে গর্ববোধ করি। চট্টগ্রাম ইস্কনের বিভাগীয় রিজিওনাল সেক্রেটারী চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারী স্বাগত বক্তব্যের মাধ্যমে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পুন্ডরিক বিদ্যানিধি স্মৃতি সংসদের সভাপতি প্রফুল্ল রঞ্জন সিংহ, বাংলাদেশ জন্মাষ্টমী উদ্যাপন পরিষদের কেন্দ্রিয় সাধারণ সম্পাদক এডভোকেট চন্দন তালুকদার, চট্টগ্রাম মহানগর হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক এডভোকেট নিতাই প্রসাদ ঘোষ, বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের প্রাক্তন চেয়ারম্যান দিলীপ মজুমদার, বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের চেয়ারম্যান দুলাল মজুমদার, জন্মাষ্টমী পরিষদের সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এডভোকেট তপন কান্তি দাশ,

মহানগর পূজা উদ্যাপন পরিষদের সাবেক সভাপতি বিদ্যালাল শীল, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, শিক্ষাবিদ অধ্যাপক বনগোপাল চৌধুরী, ডা: মিলন দে। শুভেচ্ছা বক্তব্য রাখেন ইস্কনের ন্যাশনাল কমিটির সদস্য সর্ব মঙ্গল দাস ব্রহ্মচারী, নন্দনকানন ইস্কন মন্দিরের অকিঞ্চন গৌর দাস ব্রহ্মচারী, সাধারণ সম্পাদক তারন নিত্যানন্দ দাস ব্রহ্মচারী, সুবল সখা দাস ব্রহ্মচারী, শেষরুপ দাস ব্রহ্মচারী, যুগ্ম সম্পাদক মুকুন্দ ভক্তি দাস ব্রহ্মচারী, অপূর্ব মনোহর দাস ব্রহ্মচারী, সত্যতীর্থ দাস, কিশোর সরকার প্রমুখ। স্নানযাত্রায় বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন স্থান হতে হাজার হাজার ভক্ত নর-নারীগণ অংশ নেয়। স্নানযাত্রা উৎসবে জগন্নাথদেবের বিশেষ আরতি সকলের অংশগ্রহণে স্নান, মধ্যাহ্নকালীন ভোগারতি, ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বৈদিক নাটক অনুষ্ঠিত হয়।

সিপিজেএ’র বার্ষিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে- সিটি মেয়র আন্দোলন সংগ্রামে ফটো সাংবাদিকরাই সবচেয়ে বেশী ঝুঁকি নিয়ে কাজ করে

চট্টগ্রাম ২৯জুন ২০১৮

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আন্দোলন সংগ্রামে ফটো সাংবাদিকরা বেশী ঝুঁকির মধ্যে থাকে। তবুও তারা ঝুঁকি নিয়ে সফলতার সাথে পেশাগত দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি আজ ২৯ জুন শুক্রবার চট্টগ্রাম ফটোজার্নালিস্ট এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন ও নির্বাচন’১৮ উপলক্ষে চট্টগ্রাম প্রেস ক্লাবে ইঞ্জি. আবদুল খালেক মিলনায়তনে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন। মেয়র বলেন আমি সাংবাদিক বান্ধব সাথে সাথে জনবান্ধবও। ছাত্র জীবন থেকে রাজনীতির সাথে জড়িত ছিলাম তাই জনগনের সাথে আমার সম্পর্ক বেশী। চট্টগ্রামকে তুলে ধরতে সিপিজেএ ইতিপূর্বে যে ধরনের প্রদর্শনী এবং প্রকাশনা প্রকাশ করেছে তা নান্দনিক চট্টগ্রামকে বিশ্বদরবারে তুলে ধরতে কার্যকর ভুমিকা রাখছে বলে তিনি উল্লেখ করেন। এ প্রসঙ্গে তিনি আন্তর্জাতিক প্রদর্শনীতে চট্টগ্রামের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য, ব্যবসায়িক গুরুত্ব তুলে ধরার আহবান জানিয়ে বলেন এ ক্ষেত্রে ফটো সাংবাদিকগণ চট্টগ্রামকে যে ভাবে বহিঃবিশ্বে উপস্থাপন করেছে তা প্রশংসার দাবীদার।

মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগীতায় সিপিজেএ’র সদস্যদের ছবি আন্তর্জাতিক প্রদর্শনীতে স্বীকৃতিপ্রাপ্ত ছবি নিয়ে একটি স্যুভেনির প্রকাশনার আশ্বাস প্রদান করেন। যা চট্টগ্রামে আগত বিদেশী নাগরিকদের কাছে নান্দনিক চট্টগ্রামের স্মারক হিসাবে কাজ করবে এবং তাদের তোলা ছবি বিদেশী অতিথি বন্ধুদের উপহার হিসেবে প্রদান করবেন বলে তিনি জানান। তিনি সমালোচনার পাশাপাশি সরকারের উন্নয়নের চিত্রও সংবাদপত্রে বেশী বেশী তুলে ধরার আহবান জানিয়ে সিপিজেএ’র সকল কর্মকান্ডে পাশে থেকে সহযোগীতার আশ্বাস দেন।সিপিজেএ’র উপদেষ্টা মোহাম্মদ ফারুকের সঞ্চালনায় সভাপতি মসিউর রহমান বাদলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারন সম্পাদক রাশেদ মাহমুদ। অনুষ্টানে অথিতি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ ফেডারেল

সাংবাদিক ইউনিয়নের সহ-সভাপতি শহীদ উল আলম, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি নাজিম উদ্দিন শ্যামল, চট্টগ্রাম টিভি জার্নালিস্ট এসোসিয়েশনের সভাপতি আলহাজ্ব আলী আব্বাস, চট্টগ্রাম প্রেসক্লাবের সাধারন সম্পাদক শুকলাল দাশ, বিএফইউজের যুগ্ম-মহাসচিব তপন চক্রবর্তী, সিপিজেএ'র উপদেষ্টা দেবপ্রসাদ দাস দেবু ও কাউন্সিলর শৈবাল দাশ সুমন। অনুষ্ঠানে শুরুতে মেয়রকে ফুল দিয়ে স্বাগত জানান সংগঠনের প্রদর্শনী সম্পাদক সোহেল সরওয়ার এবং বার্ষিক সম্মেলন উপলক্ষে প্রকাশিত ম্যাগাজিন 'আলোকযাত্রা' তুলে দেন প্রচার প্রকাশনা সম্পাদক নিপুল কুমার দে। লেন্স কালচার ষ্ট্রিট ফটোগ্রাফি ২০১৮তে সিরিজ বিভাগে প্রথম স্থান লাভ করায় সিপিজেএ সদস্য সৌরভ দাশের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন মেয়রসহ অতিথিরা।অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাবেক সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, প্রেসক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক চৌধুরী ফরিদ, সিপিজেএ উপদেষ্টা আসিফ সিরাজ, চট্টগ্রাম প্রেসক্লাবের সাংস্কৃতিক সম্পাদক শহীদুল্লাহ শাহরিয়ার, নির্বাহী সদস্য ম. সামশুল ইসলাম, সিপিজেএ,র সহ-সভাপতি সুভাষ কারন, যুগ্ম সাধারন সম্পাদক রাজেশ চক্রবর্তী, অর্থ সম্পাদক হাবিবুর রব মাসুম, নির্বাহী সদস্য প্রদীপ কুমার শীল, উপদেষ্টা শিশির বড়ুয়া, রূপম চক্রবর্তী, সদস্য কুতুব উদ্দিন চৌধুরী, উজ্জ্বল ধর, আলাউদ্দিন হোসেন দুলাল,আমিনুল ইসলাম মুন্না,রনী দে, জুয়েল শীল, অনুপম বড়ুয়া, শ্যামল নন্দী প্রমুখ।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন